উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (মাস: নভেম্বর/২০২১)

অধিবেশন:-১১১

উপদেষ্টা : জনাব আনোয়ারুল আবেদীন খান (তুহিন), মাননীয় জাতীয় সংসদ সদস্য

১৫৪-ময়মনসিংহ-৯, নান্দাইল, ময়মনসিংহ।

সভাপতি : জনাব হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ২১ নভেম্বর, ২০২১ খ্রিঃ।

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক। অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল কর্তৃক আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ নিম্ন বর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **০১। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন।** | **বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় এবং কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।** | **সংশ্লিষ্ট সদস্যগণ।** |
| ০২। **মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের আওতায় গ্রামীন রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন কাজের নিমিত্তে পরিবেশ বান্ধব (সিমেন্ট দ্বারা তৈরি ইট) ইট দিয়ে রাস্তা নির্মাণ করার জন্য পরামর্শ প্রদান করেন। টিআর, কাবিখাসহ সকল প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের জন্য ইউপি চেয়ারম্যানগণকে পরামর্শ প্রদান করেন।<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, পরিবেশ বান্ধব (সিমেন্ট দ্বারা তৈরি ইট) ইট দিয়ে রাস্তা নির্মাণ করা যা কি না? এ বিষয়ে পিডি মহোদয়ের সাথে যোগাযোগ করা হবে।<br>আইসিটি ভবন নির্মাণ বিষয়ে আলোচনা করেন। | গ্রামীন রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন কাজে পরিবেশ বান্ধব (সিমেন্ট দ্বারা তৈরি ইট) ইট দিয়ে রাস্তা নির্মাণ করা যায় কি না? এবিষয়ে উর্ধ্বতন কর্মকর্তার সাথে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা যোগাযোগ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |
| আইএসপিপি (যত্ন) প্রকল্পের কাজ উপজেলা পরিষদ চেয়ারম্যানকে অবহিত করে অফিসের কার্যক্রম পরিচালনার জন্য এসপিএস, যত্ন প্রকল্প নান্দাইলকে পরামর্শ প্রদান করেন।<br>আমার বাড়ি আমার খামার এর নতুন অফিসে অফিস কার্যক্রম শুরু করার বিষয়ে পরামর্শ প্রদান করেন। | আইএসপিপি (যত্ন) প্রকল্পের কাজ মাননীয় সংসদ সদস্য মহোদয় এবং উপজেলা পরিষদ চেয়ারম্যানকে অবহিত করে অফিসের কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | এসপিএস (যত্ন) প্রকল্প, নান্দাইল। |
| উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার জানান যে, ডিসেম্বর/২১ মাসে নতুন ভবন উদ্বোধনের মাধ্যমে অফিসের কার্যক্রম শুরু হবে। | ডিসেম্বর/২১ মাসে নতুন ভবনে আমার বাড়ি আমার খামার অফিসের কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার। |
| ০৩। **উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে,** উপজেলা পরিষদের সকল কার্যক্রম সরকারী নির্দেশনা মোতাবেক বাস্তবায়নের জন্য সকল সদস্যগণকে অবহিত করেন।<br>সেচ মৌসুমে সেচের লাইসেন্সের জন্য দূরত্ব পরিমাপ করে নীতিমালা মোতাবেক সেচ লাইসেন্স প্রদান করার বিষয়ে উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) কে পরামর্শ প্রদান করেন। | উপজেলা পরিষদের সকল কার্যক্রম সরকারী নির্দেশনা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>নীতিমালা মোতাবেক সেচ লাইসেন্স প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদের কর্মকর্তাগণ (সকল)।<br>উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) নান্দাইল। |
| ০৪। **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান** ইউনিয়ন পর্যায়ে কোভিড-১৯ টিকাদান কার্যক্রম সম্প্রতি শুরু হয়েছে। সপ্তাহে ২দিন টিকা দেওয়া হয়। শনিবার ৫নং গাংগাইল, ৬নং রাজগাতী, ৭নং মুশুল্লী, ৮নং সিংরইল, ১০ নং শেরপুর, ১১নং খারুয়া ইউনিয়ন এবং মঙ্গলবার ১নং বীর বেতাগৈর, ২নং মোয়াজ্জেমপুর, ৩নং নান্দাইল, ৪নং চন্ডীপাশা, ৯নং আচারগাঁও, ১২ নং জাহাংগীরপুর ইউনিয়নে। সকলকে মাস্ক ও স্বাস্থ্য বিধি মেনে চলার আহবান জানান। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়ের কোভিড-১৯ টিকাদান কার্যক্রম সফল বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| ০৫। **উপজেলা প্রাণী সম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। গবাদী পশুর বিভিন্ন রোগবালাই বিষয়ে আলোচনা করেন। অত্র বিভাগ হতে প্রাণী সেবা কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ র্কমকর্তা, নান্দাইল। |
| ০৬। **উপজেলা কৃষি বিভাগ ঃ** অত্র উপজেলায় ২০২১-২২ অর্থ বছরে ২২৩৬০ হেক্টর জমিতে রোপা আমন রোপন আবাদ হয়েছিল। রোপা আমন ফসলের সর্বোচ্চ ফলন নিশ্চিত করতে রোগবালাই, পোকা- মাকড় এবং ইঁদুর দমনে মাঠ পর্যায়ে কর্মরত উপসহকারি কৃষি কর্মকর্তাগণ সর্বদা কৃষকদের পাশে থেকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন. নভেম্বর মাসের প্রথম থেকে আগমন ব্রিধান৭১, ব্রিধান৭২, ব্রিধান৭৫, বিনাধান৭ এবং বিনাধান২০ জাতের ধান কর্তন শুরু হয়েছে। কৃষকগণ এই সমস্ত জাত চাষ করে আগাম কর্তন করে ভাল ফলন পাওয়ার বেশ খুশি, পাশাপাশি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নান্দাইল এর সহযোগিতা বারি সরিষা৯, বারি সরিষা ১৪ বারিসরিষা ১৭ এবং বিনা সরিষা ৯ জাতের সরিষা বপন করেছেন এতে করে তার বোরো ফসলের আগে অতিরিক্ত একটি ফসল ঘরে তুলে অধিক লাভবান হবেন।<br>২০২১-২০২২ অর্থ বছরে রবি মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় গম-৮০০, ভূট্ট-২০০০, সরিষা-৬০০, সূর্যমুখি-১০, চিনাবাদাম-২০, শীতকালিন পেঁয়াজ-৩০ জন/বিঘা জমি আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণের প্রণোদনা কর্মসূচীর বীজ ও রাসায়নিক সার বিতরণের উদ্বোধন করেছেন মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৪-ময়মনসিংহ-৯ নান্দাইল মহোদয়। ভুট্টাসহ অন্যান্য উপকরণ বিতরণ কাজ চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে রবি মৌসুমে বোরো হাইব্রিড ও উফশী জাতের বোরো ফসল আবাদের লক্ষ্যে প্রণোদনা কর্মসূচীর বরাদ্দ পাওয়া গিয়েছে। এর মধ্যে ৫৪০০ জন হাইব্রিড এবং ২০৮০ জন উফশী জাতের ফসল আবাদের জন্য প্রণোদনা প্রদান করা হবে। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক গত ১৭/১১/২০২১ খ্রিঃ তারিখ ইউনিয়ন ভিত্তিক বিভাজন প্রদান করেন। তালিকা পাওয়া স্বাপেক্ষে অত্রিদ্রুত উক্ত প্রণোদনা কর্মসূচী বাস্তবায়ন করা হবে।<br>চলতি নভেম্বর/২০২১ মাসে ৩৫৭ মেঃটন ইউরিয়া সার বরাদ্দ প্রদান করা হয়েছিল, যার মধ্যে ১৩০ মেঃটন সার উত্তোলন করা হয়েছে। অদ্য পর্যন্ত ইউরিয়া ২১০ মেঃটন, টিএসপি ৪৭ মেঃটন, ডিএপি-১০২ মেঃটন এবং এমওপি-৯৫ মেঃটন সার মজুদ রয়েছে। নিয়মিত ডিলারগণ রাসায়নিক সার উত্তোলন করে আসছেন। ইউরিয়া ও নন-ইউরিয়া সারের আগমনী বার্তা সঠিক সময়ে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে জমা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সারের মূল্য যেন বৃদ্ধি না পায় সে জন্য সর্বদা দোকান মনিটরিং করা হচ্ছে। | কোন ধরনের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| ০৭। **উপজেলা প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে অবকাঠামো উপ-প্রকল্প নং- INF-2018-19-306172.01 উপ-প্রকল্পের শিরোনাম-নান্দাইল উপজেলায় একটি ডায়াবেটিক হাসপাতাল নির্মাণের জন্য দুইটি কক্ষ এবং সিড়ি রুমসহ দোতলা ফাউন্ডেশনের একতলা ভবন নির্মাণ কাজ সুষ্ঠভাবে সমাপ্ত হওয়ায় ঠিকাদার বিল পাওয়ার জন্য আবেদন পত্র দাখিল করেছেন। উক্ত বিল পরিশোধের জন্য প্রকল্প ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক বিল প্রস্তুত করা হয়েছে।<br>উক্ত বিল প্রদানের জন্য নিম্নরূপ ছক মোতাবেক প্রস্তাব উত্থাপন করেন। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে অবকাঠামো উপ-প্রকল্প নং- INF-2018-19-306172.01 উপ-প্রকল্পের শিরোনাম-নান্দাইল উপজেলায় একটি ডায়াবেটিক হাসপাতাল নির্মাণের জন্য দুইটি কক্ষ এবং সিড়ি রুমসহ দোতলা ফাউন্ডেশনের একতলা ভবন নির্মাণ কাজ সুষ্ঠভাবে সমাপ্ত হওয়ায় প্রস্তাবিত বিল সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ নান্দাইল। |

| উপজেলা | উপ-প্রকল্প নং | চুক্তিমূল্য (ভ্যাট ও আয়করসহ) টাকা | ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিলের পরিমাণ (ভ্যাট ও আয়করসহ) | পরিশোধযোগ্য বিলের পরিমাণ (টাকা) | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ভ্যাট ও আয়কর ব্যতীত বিল (টাকা) | ভাটের পরিমাণ | আয়করের পরিমাণ | ভ্যাট ও আয়করসহ মোট বিল (টাকা) |
| নান্দাইল | INF-2018-19-306172.01 | ৩৮৪০৬৯০..৩৭৪ | ৩৮৩৫০৪৬.০০ | ৩৪৩২৩৬৬.০০ | ২৮৭৬২৯.০০ | ১১৫০৫১.০০ | ৩৮৩৫০৪৬.০০ |

| | | |
|---|---|---|
| ০৮। **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে,** নান্দাইল উপজেলায় অক্টোবর/২১ মাসের মাসিক অগ্রগতি রিপোর্ট অনুযায়ী ৮৪৫৩৪ সক্ষম দম্পতিদের মধ্যে পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৬৬৩৪৭ এবং পদ্ধতি গ্রহণকারীর হার ৭৮.৪৫% অক্টোবর/২১ মাসে স্থায়ী ও অস্থায়ী দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহীতার সংখ্যা স্থায়ী পদ্ধতি গ্রহীতার সংখ্যা পুরুষ-০১ জন, মহিলা-৫ জন,ইমপ্ল্যান্ট অস্থায়ী ও দীর্ঘমেয়াদী-৪৩, কপার-টি-১৪, নিবন্ধিত গর্ভবতীর সংখ্যা-১৪৯০ জন। স্যাটেলাইট ক্লিনিক প্রোগ্রাম সেবা কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |
| ০৯। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে,** টি আর, কাবিটা/কাবিখার ডিও হয়েছে। যেহেতু এখন কাজ করার উপযুক্ত সময় তাই দ্রুত সময়ে প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন। এইচবিবি দ্বারা রাস্তা উন্নয়ন বিষয়ে আলোচনা করেন। | টি আর, কাবিটা/কাবিখাসহ সকল প্রকল্পের কাজ নীতিমালা মোতাবেক দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |
| ১০। **উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,** ১২সেপ্টেম্বর/২১ হতে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাশ শুরু হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণ কাজের বিষয়ে আলোচনা করেন। যে সকল বিদ্যালের নির্মাণ কাজ শুরু হয়নি সে সকল বিদ্যালয়ের নির্মাণ কাজ শুরু করার বিষয়ে আলোচনা করেন। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণ কাজগুলি দ্রুত বাস্তবায়ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, নান্দাইল/উপজেলা শিক্ষা কর্মকর্তা নান্দাইল। |
| ১১। **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,** উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের ভ্যাকসিন এর তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে।<br>১৪/১১/২১ থেকে এস.এস.সি পরীক্ষা/২১ শুরু হয়েছে এবং শান্তিপূর্ণভাবে চলমান আছে।০২ ডিসেম্বর/২১ এইচ.এস.সি পরীক্ষা শুরু হবে।<br>ইউনিক আইডির কাজ (৬ষ্ট থেকে দ্বাদশ পর্যন্ত) চলমান আছে। | উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের ভ্যাকসিনেশন কার্যক্রম এবং এসএসসি পরীক্ষা/২১ সফল বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| ১২। **উপজেলা যুব উন্নয়ন কর্তকর্তা সভায় জানান,** চলতি অর্থ বছরের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্রশিক্ষণ শেষে আত্মকর্মসংস্থান হচ্ছে। চলমান মাসে ঋণ সংক্রান্ত অগ্রগতির বিস্তারিত আলোচনা করেন। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| ১৩। **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,** সেলাই, ফুড প্রসেসিং ও ফ্যাসন ডিজাইন ট্রেডে প্রশিক্ষণ চলমান। প্রশিক্ষনের জন্য ৩টি ব্যাচে ডিসেম্বর/২১ মাসের ১ম সপ্তাহ থেকে আগ্রহী প্রার্থীদের আবেদন গ্রহণ করা হবে। ভিজিডি খাদ্য বিতরণ,কশোর-কিশোরী ক্লাব, ফ্যাশন ডিজাইন ও ফুড প্রসেসিং প্রশিক্ষণের কার্যক্রম বিষয়ে আলোচনা করেন | নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল। |
| ১৪। **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,** বিআরডিবি অফিসের এডহক কমিটির কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। বিআরডিবি অফিসের উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন সমিতি/দলের সদস্যদের মাঝে ঋণ কার্যক্রম অব্যাহত আছে। পিআরডিবি-৩ প্রকল্পটি সকল ইউনিয়নে বিস্তার করার লক্ষে প্রক্রিয়াটি মাননীয় সংসদ সদস্য মহোদয়ের ডিও প্রক্রিয়াধীন রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| **১৫। ডিজিএম (কিপবিস) নান্দাইল সভায় জানান যে,** সমিতির স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। বকেয়া আদায় কার্যক্রম চলছে। চলতি সেচ মৌসুমে সমিতিতে নতুন- সেচ সংযোগের জন্য প্রয়োজনীয় ট্রান্সফরমার এর মজুদ স্বল্পতা থাকায় গ্রাহকদের নিজ দায়িত্বে ট্রান্সফরমার ক্রয় করে নিতে হবে, মূল্য পরবর্তীতে বিদ্যুৎ বিলের সাথে সমন্বয় করা হবে। | বকেয়ার অর্থ উত্তলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম (কিপবিস) নান্দাইল জোনাল অফিস। |
| **১৬। সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান** সাংবিধানিক নির্দেশনা, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (২০১১ সংশোধিত), মহামান্য হাইকোর্ট রীট আদেশ নং-৯৫৯৩/২০২০, ৫৫১০/২০২১ স্থানীয় সরকার মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন ২০১০, ০৬ জানুয়ারী ২০২১ এবং ০৩/১১/২০২১ খ্রিঃ তারিখের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.২৭.০০৩.২০২১-৫৯২ অনুযায়ী আইনের (সংশোধিত) তৃতীয় তফসীল বর্ণিত উপজেলাধীন বিভাগ সমূহ কর্তৃক সকল কার্যক্রম অনুসরণের জন্য প্রস্তাব উত্থাপন করেন। মহামান্য হাইকোর্ট রীট আদেশ কপি উত্থাপন করেন। উপজেলা পরিষদের ১৭ টি দপ্তর প্রধানগনকে উপজেলা পরিষদ কার্যালয়, নান্দাইল হতে ১৫/১১/২০২১ খ্রিঃ তারিখের ৪৬.৪৫.৬১৭২.০০০.২৬.০০১.২০-২৩৫ নং স্মারক মূলে পত্র প্রেরণ করা হয়েছে। হস্তান্তরিত ১৭টি বিভাগের সকল নথি উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তার (উপজেলা নির্বাহী অফিসার) মাধ্যমে উপজেলা পরিষদ চেয়ারম্যানের অনুমোদনক্রমে কাজ করবেন এবং ১৭টি বিভাগের সকল যোগাযোগ এবং লেখনিতে উপজেলা পরিষদ নামে কার্যাদি সম্পাদন করবেন, ব্যর্থতায় মহামান্য হাইকোর্টকে অবহিত করার নির্দেশনা রয়েছে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (২০১১ সংশোধিত), মহামান্য হাইকোর্ট রীট আদেশ নং-৯৫৯৩/২০২০, ৫৫১০/২০২১ স্থানীয় সরকার মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন ২০১০, ০৬ জানুয়ারী ২০২১ এবং ০৩/১১/২০২১ খ্রিঃ তারিখের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.২৭.০০৩.২০২১-৫৯২ অনুযায়ী আইনের (সংশোধিত) তৃতীয় তফসীল বর্ণিত উপজেলাধীন ১৭টি বিভাগ সমূহ কর্তৃক সকল কার্যক্রম বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>হস্তান্তরিত ১৭টি বিভাগের সকল নথি উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তার (উপজেলা নির্বাহী অফিসার) মাধ্যমে উপজেলা পরিষদ চেয়ারম্যানের অনুমোদনক্রমে কাজ করবেন এবং ১৭টি বিভাগের সকল যোগাযোগ এবং লেখনিতে ১৭টি দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদ নামে কার্যাদি সম্পাদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদের সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগন। |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প এর লক্ষ্যে গত ১৫/১১/২০২১ খ্রিঃ তারিখে প্রকল্প প্রস্তাবনা অনুমোদন সংক্রান্ত সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত ৬টি উপ-প্রকল্প বাছাই করা হয়েছে।<br><br>১। মা ও শিশু মৃত্যু রোধকল্পে ধাত্রী প্রশিক্ষণ, ২। দেশীয় প্রজাতির মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে আধুনিক পদ্ধতিতে কৈ, শিং ও মাগুর মাছ চাষ বিষয়ক প্রশিক্ষণ, ৩। উন্নত সেবা নিশ্চত কল্পে উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ওয়েব পোর্টল, ই-নথি, ডি-নথি ও ডিজিটাল অফিস ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ, ৪। আত্মকর্মসংস্থানের নিমিত্তে আধুনিক পদ্ধতিতে কোয়েল পাখি ও কবুতর পালন বিষয়ক প্রশিক্ষণ, ৬। করোনাকালীন বেকার যুবকদের মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষন।<br><br>তাছাড়া উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প এর লক্ষ্যে গত ১৪/১১/২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রকল্প প্রস্তাবনা অনুমোদন সংক্রান্ত সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত ২টি উপ-প্রকল্প বাছাই করা হয়েছে।<br><br>১। নান্দাইল ডায়াবেটিক হাসপাতালের উর্ধ্বমুখী সম্প্রসারণ, ২। নান্দাইল উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরন হিসেবে উঁচু নীচু বেঞ্চ সরবরাহ। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প এর লক্ষ্যে নিম্নোক্ত ৬টি উপ-প্রকল্প বাছাই করা হয়েছে।<br>১। মা ও শিশু মৃত্যু রোধকল্পে ধাত্রী প্রশিক্ষণ, ২। দেশীয় প্রজাতির মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে আধুনিক পদ্ধতিতে কৈ, শিং ও মাগুর মাছ চাষ বিষয়ক প্রশিক্ষণ, ৩। উন্নত সেবা নিশ্চত কল্পে উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ওয়েব পোর্টল, ই-নথি, ডি-নথি ও ডিজিটাল অফিস ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ, ৪। আত্মকর্মসংস্থানের নিমিত্তে আধুনিক পদ্ধতিতে কোয়েল পাখি ও কবুতর পালন বিষয়ক প্রশিক্ষণ, ৬। করোনাকালীন বেকার যুবকদের মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষন। এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প এর লক্ষ্যে নিম্নোক্ত ২টি উপ-প্রকল্প ১। নান্দাইল ডায়াবেটিক হাসপাতালের উর্ধ্বমুখী সম্প্রসারণ, ২। নান্দাইল উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরন হিসেবে উঁচু নীচু বেঞ্চ সরবরাহ করন প্রকল্প সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, নান্দাইল। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/১১/২১

(হাসান মাহমুদ জুয়েল)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

তারিখ ঃ-২১/১১/২০২১ খ্রিঃ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২০-২৬৮

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৪- ময়মনসিংহ- ৯, নান্দাইল।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।
৬। জনাব মোঃ সারোয়ার হাসান, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৭। জনাব মনোয়ারা জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৮। উপজেলা ------------------------------------------------ অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান --------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
১০। অফিস কপি।

২১/১১/২০২১

(মোহাম্মদ আবুল মনসুর)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।